রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ২৫ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২০, ২০১৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪১৭—৪৩৪ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৭৬৩—৭৯৭ | **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮৯—৯১ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৭৬৯—৮১০ | (৬) ...............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**পরিচালনা পর্ষদ ও সমন্বয় অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৯ জানুয়ারি ২০১৩

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০২০.২০০৮-৫৭**—বাংলাদেশ স্মল ইণ্ডাস্ট্রিজ এণ্ড কমার্স ব্যাংক লিমিটেড (বেসিক) এর পরিচালনা পর্ষদে জনাব আনিস আহমেদ-কে পরিচালক হিসেবে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ৩১ জানুয়ারি ২০১৩

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০২১.২০১০-৬৫**—প্রবাসী কল্যাণ ব্যাংক আইন, ২০১০ এর ১০(১)(ঘ) ধারা অনুযায়ী প্রবাসী কল্যাণ ব্যাংকের পরিচালনা পর্ষদে অর্থ বিভাগের প্রতিনিধি হিসেবে সৈয়দ মবিনুল হক, মহা-পরিচালক, মনিটরিং সেল-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত পরিচালক নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০১.০১১.০০.০০.০০৭.২০০৮-৬৬**—বাংলাদেশ কৃষি ব্যাংক (দ্বিতীয় সংশোধনী) অর্ডার, ১৯৮৩ এর 7(1)(a) ধারার বিধান অনুযায়ী জনাব আলাউদ্দিন এ, মজিদ-কে বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক ও চেয়ারম্যান হিসেবে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপ-সচিব।

ড. মোঃ আলী আকবর (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**সলিসিটর এর কার্যালয়**

**জিপি/পিপি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ জানুয়ারি ২০১৩

**নং সলিঃ/জিপি-পিপি/আন্ত্রাঃ০২/২০১০-১৮**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বাংলাদেশের অতিরিক্ত অ্যাটর্নি-জেনারেল জনাব এম. কে. রহমান (এম, খলিলুর রহমান)-কে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চীফ প্রসিকিউটর-এর কার্যালয়ে প্রধান সমন্বয়কারী হিসাবে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হইল।

২। তিনি চীফ প্রসিকিউটর কার্যালয়ে কর্মরত অন্যান্য প্রসিকিউটরগণের অনুরূপ ঝুঁকিভাতা প্রাপ্য হইবেন।

৩। এই আদেশ তাঁহার যোগদানের তারিখ হইতে কার্যকর হইবে।

**শাহেদ ইকবাল মোঃ মাহবুব-উর-রহমান**
উপ-সলিসিটর (জিপি/পিপি)।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৭ ফেব্রুয়ারি ২০১৩

**নং সলিঃ/জিপি-পিপি/আন্ত্রাঃ-০২/২০১০/৩১**—গত ৩০-১-২০১৩ তারিখের সলিঃ/জিপি-পিপি/আন্ত্রাঃ-০২/২০১০-১৮ নং প্রজ্ঞাপনমূলে বাংলাদেশের অতিরিক্ত অ্যাটর্নি-জেনারেল হিসাবে কর্মরত জনাব এম. কে. রহমান (এম, খলিলুর রহমান)-কে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যানালের চীফ প্রসিকিউটর-এর কার্যালয়ে প্রধান সমন্বয়কারী হিসাবে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হইয়াছে। উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত ঝুঁকিভাতার অংশটুকু সংশোধনক্রমে নিম্নরূপভাবে প্রধান সমন্বয়কারী পদমর্যাদা ও কর্মপরিধি নির্দেশক্রমে নির্ধারণ করা হইল ঃ

(১) প্রধান সমন্বয়কারী হিসাবে তিনি অ্যাটর্নি-জেনারেলের পদমর্যাদা ভোগ করিবেন।

(২) তিনি চীফ প্রসিকিউটরকে প্রদত্ত সমান ঝুঁকিভাতা পাইবেন।

(৩) তিনি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউশন ও তদন্তকারী সংস্থার কার্যের সমন্বয়সাধন ও তদারকি করিবেন এবং প্রয়োজনীয় পরামর্শ ও দিক নির্দেশনা প্রদান করিবেন।

(৪) বিজ্ঞ প্রসিকিউটরবৃন্দ ও তদন্তকারী সংস্থার সদস্যগণ তাঁহাদের কাজের অগ্রগতির ব্যাপারে প্রধান সমন্বয়কারীকে অবহিত করিবেন।

(৫) প্রসিকিউটরগণের মধ্যে তিনি মামলা পরিচালনার দায়িত্ব প্রদান এবং মামলা বন্টন করিবেন। প্রসিকিউটরগণ তাঁহাদের কাজের বিষয়ে তাঁহার নিকট জবাবদিহি করিতে বাধ্য থাকিবেন।

তারিখ, ১৯ ফেব্রুয়ারি ২০১৩

**নং সলিঃ/জিপি-পিপি/আন্ত্রা-০২/২০১০-৩৪**—গত ১৭-২-২০১৩ তারিখের সলিঃ/জিপি-পিপি/আন্ত্রা-০২/২০১০-৩১ নং স্মারকের জারীকৃত 'প্রজ্ঞাপন' এ উল্লিখিত 'প্রধান সমন্বয়কারী' পদমর্যাদার বিষয়টি এতদ্বারা নিম্নরূপভাবে নির্দেশক্রমে স্পষ্টিকরণ করা হলো ঃ

"বাংলাদেশের অতিরিক্ত অ্যাটর্নি-জেনারেল জনাব এম. কে. রহমান (এম, খলিলুর রহমান) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এর "প্রধান সমন্বয়কারী" হিসাবে দায়িত্ব পালনকালীন সময়ে অ্যাটর্নি-জেনারেলের পদমর্যাদা ভোগ করিবেনমাত্র। বিষয়টি শুধুমাত্র আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের ক্ষেত্রে প্রযোজ্য। উহা বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেলের কার্যালয়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।"

তারিখ, ২০ ফেব্রুয়ারি ২০১৩

**নং সলিঃ/জিপি-পিপি/আন্ত্রা-০২/২০১০-৩৫**—THE INTER-NATIONAL CRIMES (TRIBUNALS) ACT 1973 (ACT NO-XIX OF 1973) এর Section-6 অনুসারে বাংলাদেশ সরকার ইতোপূর্বে ২টি ট্রাইব্যুনাল গঠন (Set up) করায় উক্ত আইনের Section-7(1) অনুসারে উক্ত ট্রাইব্যুনালে রাষ্ট্রপক্ষে মামলা পরিচালনার জন্য আইনজীবী জনাব তুরিন আফরোজ, পিতা জনাব তসলীম উদ্দিন আহমেদকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নির্দেশক্রমে প্রসিকিউটর (অতিরিক্ত অ্যাটর্নি-জেনারেল এর পদমর্যাদায় ও আর্থিক সুযোগ-সুবিধা সম্পন্ন) নিয়োগ প্রদান করা হইল।

২। ইহা যোগদানের তারিখ হইতে কার্যকর হইবে।

**ননী গোপাল বিশ্বাস**
উপ-সলিসিটর (জিপি/পিপি)।

---

**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ, ৩১ জানুয়ারি ২০১৩

**নং আর-৬/৭এন ০৩/২০১৩-৮২**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব কাজী মোঃ মাহমুদুল করিম, পিতা মরহুম জনাব কাজী মোঃ গোলাম কিবরিয়াকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ৬ ফেব্রুয়ারি ২০১৩

**নং আর-৬/৭এন ০৪/২০১৩-৮৩**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে সিলেট জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ আব্দুল মালিক, পিতা মরহুম জনাব মোঃ আব্দুল লতিফকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ১৭ ফেব্রুয়ারি ২০১৩

**নং আর-৬/৭এন ০৫/২০১৩-১০৮**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ শামীম আক্তার, পিতা মরহুম জনাব আবু হানিফকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন)।

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ৭ জানুয়ারি ২০১৩

**নং বিচার-৭/২এন-০৬/২০১২-১৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোহাম্মদ ইব্রাহিম খলিল, পিতা মোহাম্মদ ছাদেক, সাং ধনিয়া ৪নং ওয়ার্ড, ডাকঘর ধনিয়া, থানা+জেলা ভোলা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ভোলা জেলার সদর উপজেলার ৬নং ধনিয়া ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২২ জানুয়ারি ২০১৩

**নং বিচার-৭/২এন-৫৩/২০১১-৩৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ কবির হাসান, পিতা মৌলভী আব্দুস সাত্তার, কাজী মঞ্জিল, ৩৬ নর্থ জোন/বি, হাউজিং এস্টেট, রোড নং ২৮০, ওয়ার্ড নং ১০, খুলনা সিটি কর্পোরেশন, থানা খালিশপুর, জেলা খুলনা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে খুলনা সিটি কর্পোরেশন এর ১০নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ মাহমুদুল করিম**
সিনিয়র সহকারী সচিব।

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়**

**আইসিটি-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ ফেব্রুয়ারি ২০১৩

**নং ৫৬.০০.০০০০.০২৫.২২.০০৩.১৩-০১**—একসেস টু ইনফরমেশন (এটুআই-II) প্রোগ্রামের প্রকল্প স্টিয়ারিং কমিটির (পিএসসি) প্রথম সভার সিদ্ধান্ত অনুযায়ী ই-সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে মার্চ, ২০১৩ এর মধ্যে সাইবার ক্রাইম স্ট্রাটেজিক গাইডলাইন প্রণয়নের নিমিত্তে নিম্নেবর্ণিত সদস্যবৃন্দের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো ঃ

**আহ্বায়ক**

(১) নিয়ন্ত্রক, ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ।

**সদস্যবৃন্দ**

(২) বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(৩) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর একজন উপযুক্ত প্রতিনিধি।

(৪) জনাব মোহাম্মদ জাহিদুর রহমান, চেয়ারপারসন, কম্পিউটার প্রকৌশল বিভাগ, ব্রাক বিশ্ববিদ্যালয়।

(৫) আইএসপি এসোসিয়েশন অব বাংলাদেশ এর একজন উপযুক্ত প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(৬) জনাব মোঃ আহ্সান উদ্‌দিন মুরাদ, সহকারী সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়।

**কমিটির কার্যপরিধি ঃ**

(১) দেশী বিদেশী সাইবার ক্রাইম সংক্রান্ত স্ট্যান্ডার্স ও গাইডলাইন পর্যালোচনা করে বাংলাদেশের জন্য একটি সাইবার ক্রাইম স্ট্রাটেজিক গাইডলাইন প্রণয়ন।

(২) এ সংক্রান্ত খসড়া গাইডলাইন অত্র মন্ত্রণালয়ে ৩০ দিনের মধ্যে পেশকরণ।

(৩) কমিটি প্রয়োজনে যে কোন উপযুক্ত সদস্য কো-অপ্ট করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আহ্সান উদ্‌দিন মুরাদ**
সহকারী সচিব।

---

**[ একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত ]**
**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ জানুয়ারি ২০১৩

**নং প্রশা-৬/চউক-১৪/৯৯/৪৯**—চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ অধ্যাদেশ ১৯৫৯ (সংশোধিত ১৯৬৪) এর ৪(২)(জি) ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি কর্তৃক মনোনীত প্যানেল হতে জনাব মাহবুবুল আলম, সিনিয়র সহ-সভাপতি, সিসিসিআই, আলম ট্রেডিং কর্পোরেশন, ১৭৩/এ, খাতুনগঞ্জ, চট্টগ্রামকে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য হিসেবে নিয়োগ প্রদান করলেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাজিয়া ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ ফাল্গুন ১৪১৯/২৫ ফেব্রুয়ারি ২০১৩

**নং প্রম/পিসি/DRGA(ডিজিটাল ম্যাপ)/২০০৯/অংশ-১/৯৫**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'Improvement of Digital Mapping System of Survey of Bangladesh (1$^{st}$ Revised)' শীর্ষক প্রকল্পের আওতায় Computer to Plate+Offset Press/Modem Press ক্রয়ের কার্যক্রম প্রক্রিয়াকরণের জন্য সরকার কর্তৃক নিম্নরূপভাবে Tender Evaluation Committee (TEC) গঠন করা হল :

**সভাপতি**

(১) লেঃ কর্ণেল মোঃ খায়রুল কাদির, পরিচালক, বাংলাদেশ জরিপ অধিদপ্তর।

**সদস্যবৃন্দ**

(২) জনাব মোহাম্মদ আলমগীর হোসেন, সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়।

(৩) জনাব নাশিদ শাহরিয়ার, সহকারী অধ্যাপক, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়।

(৪) জনাব মোঃ খলিলুর রহমান, চার্জ অফিসার, সীমানা-২, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর।

(৫) জনাব মোঃ সামীমুজ্জামান, সিনিয়র সহকারী প্রধান, প্রতিরক্ষা মন্ত্রণালয়।

(৬) জনাব মোঃ মোমিন হোসেন প্রামাণিক, সহকারী ম্যানেজার, এলপিও, বাংলাদেশ জরিপ অধিদপ্তর।

**সদস্য-সচিব**

(৭) জনাব নয়ন চন্দ্র সরকার, সহকারী পরিচালক, বাংলাদেশ জরিপ অধিদপ্তর।

**মোঃ সামীমুজ্জামান**
সিনিয়র সহকারী প্রধান।

---

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ**
**প্রশাসন-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ মাঘ ১৪১৯/৪ ফেব্রুয়ারি ২০১৩

**নং ৫২.০০৭.০২৪.০০.০১.১৬৬.২০১১-৭৬**—যেহেতু, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জনাব মোঃ মোসাদ্দেক হুসাইনকে যুক্তরাষ্ট্রে স্ত্রী, সন্তানের সাথে সাক্ষাতের জন্য ১৮ জুলাই ২০১১ তারিখ হতে ১৭ নভেম্বর ২০১১ তারিখ পর্যন্ত ১২০ (একশত বিশ) দিন গড়বেতনে শর্ত সাপেক্ষে বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর করা হয়। শর্ত মোতাবেক তিনি ছুটি শেষে যথাসময়ে স্বীয় কর্মস্থলে যোগদান না করে ১৮ নভেম্বর ২০১১ তারিখ হতে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন।

যেহেতু, অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় কেন তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না এ মর্মে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯, ৩(বি) ধারার অপারাধের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ১৮-৭-২০১২ তারিখের ৫২.০০৭.০২৪.০০.০১.১৬৬.২০১১-৯৭৭ সংখ্যক স্মারকপত্রে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হয়। কিন্তু তিনি পত্রের কোন জবাব প্রদান করেননি।

যেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান), অধ্যাদেশ-১৯৭৯ এর ৫(১) ধারার অপরাধের জন্য তাকে কেন চাকুরী হতে বরখাস্ত (Dismissal) করা হবে না, তার জবাব লিখিতভাবে নোটিশ করার ৫ দিনের মধ্যে জানানোর জন্য ১৮-৯-২০১২ তারিখে "দৈনিক যুগান্তর" এবং ১২-৯-২০১২ তারিখে "দৈনিক ভোরের ডাক" পত্রিকায় ১ম নোটিশ প্রকাশিত হলেও তিনি কোন জবাব প্রদান দেননি বা কর্মস্থলে যোগদান করেননি।

যেহেতু, অতঃপর সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৩(বি) ধারায় ৩ দিনের মধ্যে জবাব প্রদানের জন্য গত ১৭-১০-২০১২ তারিখে "দৈনিক যুগান্তর" এবং ৬-১০-২০১২ তারিখে "দৈনিক ভোরের ডাক" পত্রিকায় ২য় নোটিশ প্রকাশিত হয়। কিন্তু তিনি নোটিশেরও কোন জবাব প্রদান করেননি।

যেহেতু, জনাব মোঃ মোসাদ্দেক হুসাইন নির্ধারিত সময়ে কর্মস্থলে উপস্থিত না হওয়ায় এবং তার নিকটি হতে কারণ-দর্শানো নোটিশের কোন জবাব না পাওয়ায় সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ (অর্ডিনেন্স নং XI-1979) এর ৩(বি) ধারার অপরাধের জন্য ৪(এ) ধারা অনুযায়ী তাকে ১৮ নভেম্বর ২০১১ তারিখ হতে চাকুরী হতে বরখাস্ত (Dismissal) করার লক্ষ্যে The Bangladesh Public Service Commission (Consultation) Regulation, 1979 এর ৬নং কলামে রেগুলেশন মোতাবেক কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হলে কর্ম কমিশন বরখাস্ত করার প্রস্তাবে একমত পোষণ করে।

সেহেতু, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জনাব মোঃ মোসাদ্দেক হুসাইনকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ-১৯৭৯ (XI-১৯৭৯) এর ৩(বি) ধারার অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে দোষী সাব্যস্ত করে উক্ত অধ্যাদেশ ৪(এ) ধারার বিধান মোতাবেক ১৮ নভেম্বর ২০১১ তারিখ থেকে সরকারি চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ নজিবুর রহমান**
সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২ (অপারেশন)**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ৩ ফেব্রুয়ারি ২০১৩

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১৫৩.২০১০-৩৪**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | কটুরাকান্দি | ১৭ | আলফাডাঙ্গা | ফরিদপুর |
| (২) | পূর্ব রঘুরামপুর | ৯৩ | মাদারীপুর সদর | মাদারীপুর |
| (৩) | মধ্যচক | ১০০ | মাদারীপুর সদর | মাদারীপুর |
| (৪) | কাষ্টগড় | ৯১ | কালকিনি | মাদারীপুর |
| (৫) | দক্ষিণ চর আইরকান্দি | ১৪৮ | কালকিনি | মাদারীপুর |
| (৬) | বজরুসার | ১৩২ | কালকিনি | মাদারীপুর |
| (৭) | চর জগমোহন | ১১৭ | কালকিনি | মাদারীপুর |
| (৮) | উত্তর কাউলজানি | ৪৮ | গোয়ালন্দ | রাজবাড়ী |
| (৯) | মহিদিপুর চরখন্ড | ১০৭ | গোয়ালন্দ | রাজবাড়ী |
| (১০) | ফলিমারা | ৮৪ | পাংশা | রাজবাড়ী |
| (১১) | কোনাগ্রাম | ৯৯ | গোপালগঞ্জ | গোপালগঞ্জ |

**কানিজ মওলা**
সিনিয়র সহকারী সচিব।

**বিজ্ঞপ্তি**

তারিখ, ৩ ফেব্রুয়ারি ২০১৩

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১৯৭.২০১০-৩৫**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | রসুলপুর | ১২৯ | যশোর সদর | যশোর |
| (২) | জলকর | ১৯১ | যশোর সদর | যশোর |
| (৩) | চাউলিয়া | ২১০ | যশোর সদর | যশোর |
| (৪) | দোসতিনা | ২০ | ঝিকরগাছা | যশোর |
| (৫) | মহম্মদপুর | ৪২ | ঝিকরগাছা | যশোর |
| (৬) | সন্তোষনগর | ৫২ | ঝিকরগাছা | যশোর |
| (৭) | নওয়াপাড়া | ৫৬ | ঝিকরগাছা | যশোর |
| (৮) | শিয়ালঘোনা | ৮৩ | ঝিকরগাছা | যশোর |
| (৯) | বর্ণি | ৯৩ | ঝিকরগাছা | যশোর |
| (১০) | রাজাডুমুরিয়া | ১১৪ | ঝিকরগাছা | যশোর |
| (১১) | সেলামতপুর | ১৬ | মনিরামপুর | যশোর |
| (১২) | কায়েমকোলা | ২৩ | মনিরামপুর | যশোর |
| (১৩) | বসন্তপুর | ৩৭ | মনিরামপুর | যশোর |
| (১৪) | কমলপুর | ৪৫ | মনিরামপুর | যশোর |
| (১৫) | রঘুনাথপুর | ৫২ | মনিরামপুর | যশোর |
| (১৬) | মোল্লাডাঙ্গা | ৭৯ | মনিরামপুর | যশোর |
| (১৭) | দোনার | ৮১ | মনিরামপুর | যশোর |
| (১৮) | জামজামি | ৮২ | মনিরামপুর | যশোর |
| (১৯) | চালকিডাঙ্গা | ৮৬ | মনিরামপুর | যশোর |
| (২০) | ব্রাহ্মণডাঙ্গা | ১১২ | মনিরামপুর | যশোর |
| (২১) | বারপাড়া | ১১৫ | মনিরামপুর | যশোর |
| (২২) | শ্রীপুর | ১১৯ | মনিরামপুর | যশোর |
| (২৩) | করেরাইল | ১২৬ | মনিরামপুর | যশোর |
| (২৪) | গাবখালী | ১২৯ | মনিরামপুর | যশোর |
| (২৫) | নলঘোনা | ১৩২ | মনিরামপুর | যশোর |
| (২৬) | আগরহাটী | ১৬৫ | মনিরামপুর | যশোর |
| (২৭) | হালসা | ১৬৭ | মনিরামপুর | যশোর |
| (২৮) | রামণাথপুর | ১৯৬ | মনিরামপুর | যশোর |
| (২৯) | ফেদাইপুর | ২২২ | মনিরামপুর | যশোর |
| (৩০) | হিজলতলা | ২৩ | কেশবপুর | যশোর |
| (৩১) | কোমরপুর | ৪৬ | কেশবপুর | যশোর |
| (৩২) | রেজাকাটি | ৫০ | কেশবপুর | যশোর |
| (৩৩) | সকসেকপুর | ৫২ | কেশবপুর | যশোর |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৩৪) | ভবানীপুর | ৮৯ | কেশবপুর | যশোর |
| (৩৫) | কেদারপুর | ৯৫ | কেশবপুর | যশোর |
| (৩৬) | কলাগাছি | ১২৯ | কেশবপুর | যশোর |
| (৩৭) | পাঠান পাইক পাড়া | ১৪ | কেশবপুর | যশোর |
| (৩৮) | গাদিঘাট | ১৫ | বাঘারপাড়া | যশোর |
| (৩৯) | মথুরাপুর | ৩৪ | বাঘারপাড়া | যশোর |
| (৪০) | সাদিপুর | ৩৮ | বাঘারপাড়া | যশোর |
| (৪১) | দৌলতপুর | ৪২ | বাঘারপাড়া | যশোর |
| (৪২) | সেকন্দরপুর | ৪৮ | বাঘারপাড়া | যশোর |
| (৪৩) | তালবাড়ীয়া | ৯৬ | বাঘারপাড়া | যশোর |
| (৪৪) | চেচুয়াখোলা | ৯৭ | বাঘারপাড়া | যশোর |
| (৪৫) | আরাজি বল্লামুখ | ১০৭ | বাঘারপাড়া | যশোর |
| (৪৬) | বরভাগ | ১১০ | বাঘারপাড়া | যশোর |
| (৪৭) | খলিলপুর | ১২৮ | বাঘারপাড়া | যশোর |
| (৪৮) | ওয়াদিপুর | ১৩৭ | বাঘারপাড়া | যশোর |
| (৪৯) | কিসমত বাসুয়াড়ী | ১৪০ | বাঘারপাড়া | যশোর |
| (৫০) | ভিটাবল্লা | ১৪৮ | বাঘারপাড়া | যশোর |
| (৫১) | দোগাজী | ১৫৫ | বাঘারপাড়া | যশোর |
| (৫২) | কিসমত বাঁকড়ী | ১৫৬ | বাঘারপাড়া | যশোর |
| (৫৩) | মুক্তাদহ | ৬৬ | চৌগাছা | যশোর |
| (৫৪) | ইছাপুর | ১১০ | চৌগাছা | যশোর |
| (৫৫) | মনমথপুর | ১১২ | চৌগাছা | যশোর |
| (৫৬) | মামুনসিয়া | ১৪ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৫৭) | গিলাপোল | ৩৩ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৫৮) | চাঁদেরপোল | ৮৫ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৫৯) | ছোট খড়িয়ালী | ১০৫ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৬০) | কৃষ্ণপুর | ১১৩ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৬১) | রাজধরপুর | ২১৯ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৬২) | পূর্ব গোবিন্দপুর | ২২৮ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৬৩) | কান্দরা | ২৩৯ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৬৪) | সমসপুর | ২৫৯ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৬৫) | ছোট সিমলা | ৩৯ | কালীগঞ্জ | ঝিনাইদহ |
| (৬৬) | গোপীনাথপুর | ৪৪ | কালীগঞ্জ | ঝিনাইদহ |
| (৬৭) | মোল্লাকুয়া | ৬৭ | কালীগঞ্জ | ঝিনাইদহ |
| (৬৮) | ফরাসপুর | ৭৮ | কালীগঞ্জ | ঝিনাইদহ |
| (৬৯) | নেবুতলা | ৫৩ | মহেশপুর | ঝিনাইদহ |
| (৭০) | ইর্শালডাঙ্গা | ৬২ | মহেশপুর | ঝিনাইদহ |
| (৭১) | বলুহুর | ৩৪ | কোটচাঁদপুর | ঝিনাইদহ |
| (৭২) | গোকুলনগর | ৪৪ | শৈলকুপা | ঝিনাইদহ |
| (৭৩) | ইটালী | ৪৯ | শৈলকুপা | ঝিনাইদহ |
| (৭৪) | ভাটবাড়িয়া | ৬০ | শৈলকুপা | ঝিনাইদহ |
| (৭৫) | কাশিমপুর | ১২৯ | শৈলকুপা | ঝিনাইদহ |
| (৭৬) | কন্যাদহ | ১৫৯ | শৈলকুপা | ঝিনাইদহ |
| (৭৭) | হাজীপুর | ১৬ | মাগুরা | মাগুরা |
| (৭৮) | বরই | ৪১ | মাগুরা | মাগুরা |
| (৭৯) | পাতুড়িয়া | ৪৮ | মাগুরা | মাগুরা |
| (৮০) | পূর্ব শীতারামপুর | ৫০ | মাগুরা | মাগুরা |
| (৮১) | ছোট ফলিয়া | ১০৬ | মাগুরা | মাগুরা |
| (৮২) | কামারপাড়া | ১১৪ | মাগুরা | মাগুরা |
| (৮৩) | কাপাসহাটী | ১২১ | মাগুরা | মাগুরা |
| (৮৪) | বড়খড়ি | ১৪১ | মাগুরা | মাগুরা |
| (৮৫) | নরসিংহাটা | ১৫০ | মাগুরা | মাগুরা |
| (৮৬) | সোনপুরখোর্দ্দ | ১৫৩ | মাগুরা | মাগুরা |
| (৮৭) | আরাজি বারইখালী | ১৬১ | মাগুরা | মাগুরা |
| (৮৮) | আসবা | ১৮৭ | মাগুরা | মাগুরা |
| (৮৯) | বুরইলবিল | ১৮৯ | মাগুরা | মাগুরা |
| (৯০) | পারকুল্লা | ১৯৬ | মাগুরা | মাগুরা |
| (৯১) | গোয়ালবাথান | ২০৬ | মাগুরা | মাগুরা |
| (৯২) | বড়জোকা | ২১১ | মাগুরা | মাগুরা |
| (৯৩) | সত্যবানপুর | ২২১ | মাগুরা | মাগুরা |
| (৯৪) | হরিন্দি | ২০ | শ্রীপুর | মাগুরা |
| (৯৫) | গোয়ালপাড়া | ২১ | শ্রীপুর | মাগুরা |
| (৯৬) | রাকসাকান্দি | ৩২ | শ্রীপুর | মাগুরা |
| (৯৭) | হোগলডাঙ্গা | ৩৯ | শ্রীপুর | মাগুরা |
| (৯৮) | মদনপুর | ৪১ | শ্রীপুর | মাগুরা |
| (৯৯) | সারঙ্গদিয়া | ৪৩ | শ্রীপুর | মাগুরা |
| (১০০) | গোপালপুর | ৪৫ | শ্রীপুর | মাগুরা |
| (১০১) | ঘাসিয়াল | ৫০ | শ্রীপুর | মাগুরা |
| (১০২) | জারিয়া | ৬১ | শ্রীপুর | মাগুরা |
| (১০৩) | কাবিলপুর | ৬৬ | শ্রীপুর | মাগুরা |
| (১০৪) | শ্রীপুর | ৭৩ | শ্রীপুর | মাগুরা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১০৫) | মেকসিমাইল | ৪৩ | মহম্মদপুর | মাগুরা |
| (১০৬) | তল্লাবাড়িয়া | ৪৭ | মহম্মদপুর | মাগুরা |
| (১০৭) | রহমতপুর | ৪৮ | মহম্মদপুর | মাগুরা |
| (১০৮) | শ্রীপুর | ৯৩ | মহম্মদপুর | মাগুরা |
| (১০৯) | রাজপাট | ৯৫ | মহম্মদপুর | মাগুরা |
| (১১০) | রাজাপুর | ৯৬ | মহম্মদপুর | মাগুরা |
| (১১১) | দরিসালধা | ১০৩ | মহম্মদপুর | মাগুরা |
| (১১২) | সিংড়া | ২৩ | সালিখা | মাগুরা |
| (১১৩) | তিলখড়ি | ২৪ | সালিখা | মাগুরা |
| (১১৪) | হরিশপুর | ৪৮ | সালিখা | মাগুরা |
| (১১৫) | রায়জাদাপুর | ৫৭ | সালিখা | মাগুরা |
| (১১৬) | তুজরডাঙ্গা | ৪৬ | নড়াইল সদর | মাগুরা |
| (১১৭) | বিল নিধিখোলা | ১৫৭ | নড়াইল সদর | মাগুরা |
| (১১৮) | নালিয়া | ০২ | লোহাগড়া | নড়াইল |
| (১১৯) | নওখোলা | ২৯ | লোহাগড়া | নড়াইল |
| (১২০) | নোয়াগ্রাম | ৪৬ | লোহাগড়া | নড়াইল |
| (১২১) | নাওরা | ৬২ | লোহাগড়া | নড়াইল |
| (১২২) | ছাতরা | ৬৯ | লোহাগড়া | নড়াইল |
| (১২৩) | তেতুলিয়া | ৮১ | লোহাগড়া | নড়াইল |
| (১২৪) | সোনাদহ | ১২৬ | লোহাগড়া | নড়াইল |
| (১২৫) | উথলী | ৩৯ | কালিয়া | নড়াইল |

**কানিজ মওলা**
সিনিয়র সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**

**শাখা-২**

**ফরম-ঘ**

**এল, এ, কেস নং ৪৪/৬৮-৬৯**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২৩ জানুয়ারি ২০১৩

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০০৬.১৩-২৭**—যেহেতু নিম্ন-বর্ণিত তফসিলের সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৯ সনের ১৩নং আইন)-এর ৩ ধারা মোতাবেক ১-১১-৬৮ ইং তারিখের আদেশের দ্বারা বেড়ীবাঁধ নির্মাণের জন্য হুকুম দখল করা হইয়াছে;

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে; এবং

যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু উক্ত আইনের ৫(৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইলঃ

**তফসিল**

মৌজা সাবরাং, উপজেলা টেকনাফ, জেলা কক্সবাজার।

| খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৬৮৮ | ৪৯৫৯ / ১০৫২৫ | ৩.৭৮ |
| ১/২০৪ | ৪৯৫৯ / ১০৫২৪ | ০.৫৬ |
| | | ৪.৩৪ একর। |

কথায় ঃ চার দশমিক তিন চার একর।

জমির নক্সা কক্সবাজার জেলা প্রশাসকের অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

**ফরম-ঘ**

**এল, এ, কেইস নং ১৭/৬৮-৬৯**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ২৩ জানুয়ারি ২০১৩

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০০৭.১৩-২৮**—যেহেতু নিম্নবর্ণিত তফসিলে সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন)-এর ৩ ধারা মোতাবেক ১৫-৯-৬৮ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে; এবং

যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইলঃ

**তফসিল**

মৌজা মাজাইর, জে, এল নং ৬, উপজেলা সুনামগঞ্জ (বর্তমানে বিশ্বম্ভরপুর), জেলা সুনামগঞ্জ।

| দাগ নং | পরিমাণ (একরে) |
|---|---|
| ৮৮১ আংশিক | ০.১৪ |
| ৮৮২ ,, | ০.০৮ |
| ৮৮৩ ,, | ০.০৬ |
| ৮৮৪ ,, | ০.০৬ |
| ৮৮৬ ,, | ০.৩৫ |
| ৮৮৮ ,, | ০.০৬ |
| ৮৯০ ,, | ০.০৯ |
| ৮৯৩ ,, | ০.১২ |
| ৮৯৪ ,, | ০.১৪ |
| ৮৯৫ ,, | ০.২৮ |

| দাগ নং | পরিমাণ (একরে) |
|---|---|
| ৮৯৬ আংশিক | ০.১৬ |
| ৮৯৮ ,, | ০.১৪ |
| ৮৯৯ ,, | ০.১৮ |
| ৯০১ ,, | ০.২৪ |
| ৯৬৬ ,, | ০.৯৫ |
| ৯৬৮ ,, | ০.০৫ |
| ৯৬৯ ,, | ০.৫০ |
| ১০৪২ ,, | ০.০২ |
| ১১৪৭ ,, | ০.১৭ |
| ১২৬২ ,, | ০.১০ |
| ১২৬৪ ,, | ০.১৫ |
| ১২৬৭ ,, | ০.০৬ |
| ১২৬৮ ,, | ০.০৮ |
| ১২৭০ ,, | ০.২১ |
| ১২৭১ ,, | ০.২০ |
| ১৩৭১ ,, | ০.৩৬ |
| ১৩৭২ ,, | ০.০২ |
| ১৩৭৩ ,, | ০.২৫ |
| ১৩৭৪ ,, | ০.২৬ |
| ১৩৭৫ ,, | ০.২৮ |
| ১৩৭৬ ,, | ০.২৫ |
| ১৩৭৮ ,, | ০.৫৬ |
| ১৩৭৯ ,, | ০.৩০ |
| ১৪০৩ ,, | ০.০৪ |
| ৮৮৯ পূর্ণ | ০.৪৫ |
| ১২৬৩ ,, | ০.১৮ |
| ১২৬৬ ,, | ০.২২ |
| ১২৬৯ ,, | ০.২৩ |
| ১৩৭০ ,, | ০.১৯ |
| ১৪১২ আংশিক | ০.৫৬ |
| ১৪১৩ ,, | ০.৪৬ |
| ১৪১৫ ,, | ০.৩০ |
| ১৪১৬ ,, | ০.১৮ |
| ১৪২১ ,, | ০.০৫ |
| ১৪২২ ,, | ০.০৪ |
| ১৪১৫/১৪৯১ ,, | ০.৯৫ |
| ১৪৯৩ ,, | ০.০১ |
| | মোট= ১০.৭৩ একর |

মৌজা রনবিদ্যা, জে, এল নং ১৫

| দাগ নং | পরিমাণ (একরে) |
|---|---|
| ৬৪ আংশিক | ০.০৬ |
| ৭৭ ,, | ০.৬০ |
| ৮১ ,, | ০.৪৪ |
| ৮২ ,, | ১.০০ |
| ৮৩ ,, | ০.০৮ |
| ১৩৭ ,, | ০.২৪ |
| ১৩৮ ,, | ২.০৫ |
| ১৪১ ,, | ০.০৮ |
| ১৪২ ,, | ০.০২ |
| ১৪৯ ,, | ০.০১ |
| ১৬০ ,, | ০.১৬ |
| ১৬১ ,, | ০.৩২ |
| ১৬৫ ,, | ০.০২ |
| ৭৭৬ ,, | ০.১৪ |
| ১৮৭ ,, | ০.০৬ |
| ১৯২ ,, | ০.৩২ |
| ২২৯ ,, | ০.৭০ |
| ২৩০ ,, | ০.২২ |
| ২৩২ ,, | ০.৪৪ |
| ২৩৩ ,, | ০.১৬ |
| ২৩৪ ,, | ০.০৬ |
| ১৬৪ ,, | ০.০৫ |
| ১৬৬ ,, | ০.৩০ |
| ১৩৯ পূর্ণ | ০.২৪ |
| ১৪০ আংশিক | ০.০২ |
| ১৯৩ পূর্ণ | ০.৭১ |
| ২৩১ ,, | ০.৫০ |
| ১৬৩ ,, | ০.০৭ |
| | মোট= ৯.০৭ একর |

সর্বমোট= (১০.৭৩+৯.০৭)=১৯.৮০ একর।

জমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ এর ভূমি হুকুমদখল শাখায় দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

## L. A. Case No. 10/64-65

## FORM-D

## Notice under Section 5 (7) for Acquisition of a Property.

তারিখ, ৩০ জানুয়ারি ২০১৩

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.২৫২.১২-৪০**—Whereas by order, dated the 30-12-64 the properties described in the schedule below were requisitioned under section 3 of the East Bengal (Emergency) Requisition of Property Act, 1948 (E.B. Act XIII of 1948);

And whereas the said properties continue to be subject to requisition;

And whereas after considering the report made under sub-section (5) of section of 5 of the said Act, Government have decided to acquire the said properties;

Now, therefore, in exercise of the power conferred by sub-section (7) of section 5 of the said Act it is hereby notified that the said requisitioned properties as described in the schedule thereunder are acquired by Government.

### SCHEDULE

C.S Plot in full No.1605, 1606, 1607, 1614, 1615, 1616, 1617, 1618, 1620, 1619, 1621, 1622, 1623, 1624, 1828, & 1833, and CS. Plot in part No. 1575, 1586, 1587, 1602, 1603, 1604, 1609, 1610, 1612, 1613, 1627, 1625, 1629 & 1626 in Mauja Basupati, JL No. 104 P.S. Lohagara Dist. Jessore.

Measuring area more or less 5·88 acres.

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

### শাখা-১১

### ফরম-ঘ

### এল, এ, কেস নং ৫২/৬৬-৬৭

### সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০১২.১৩-৪১**—যেহেতু নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৯ সনের ১৩নং আইন)-এর ৩ ধারা মোতাবেক ২২-১১-৬৬ ইং তারিখের আদেশ স্লুইচ গেইট নির্মাণ প্রকল্পের জন্য হুকুম দখল করা হইয়াছে যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে; এবং

যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু উক্ত আইনের ৫(৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল:

### তফসিল

মৌজা পশ্চিম বড় ভেওলা, উপজেলা চকরিয়া, জেলা কক্সবাজার।

| আর এস খতিয়ান | আর এস দাগ নং | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১২১/৭১৬ | ১১১৬ | ০.১২ |
| ১২১/৪১ | ১২১৫ | ০.১৪ |
| ১২১/৮ | ১২১৭ | ০.১০ |
| ২২/১২, ২২/১৩ | ১১৮৭ | ০.৪৪ |
| ১২১/৪৩, ৪৬ | ১১৮৩ | ০.১২ |
| ১৪৯/৪৬, ৪৫ | ১১৮৬ | ০.০৪ |
| | | ০.৯৬ একর |

কথায় ঃ (শূন্য দশমিক ছিয়ানব্বই একর মাত্র)।

নক্সা কক্সবাজার জেলা প্রশাসকের অফিসে দেখা যাইতে পারে।

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

### মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

### মৎস্য-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ২২ জানুয়ারি ২০১৩

**নং মপ্রাম/ম-১/অভিযোগ-১৪/২০১২/৩৪**—জনাব মোঃ কামরুজ্জামান, (বর্তমানে সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, বরগুনা) পাবনা জেলাধীন আটঘরিয়া উপজেলায় উপজেলা মৎস্য কর্মকর্তা হিসেবে কর্মকালীন সময়ে ব্যক্তিগত পুকুর খনন কাজ এনে দেয়ার কথা বলে এবং অন্যায়ভাবে লাভবান হওয়ার অসদুদ্দেশ্যে ও দূরভিসন্ধিমূলকভাবে জনৈক মোঃ মোক্তার হোসেন, পিতা মৃত উকিল উদ্দিন, গ্রাম ভরতপুর, পোঃ চাঁদভা, উপজেলা আটঘরিয়া, জেলা পাবনার নিকট ২,৫০,০০০ টাকা দাবী করেন। কিন্তু তার নিকট এত টাকা না থাকায় অভিযোগকারী (মোঃ মোক্তার হোসেন) জনাব কামরুজ্জামানকে নগদ ১,০০,০০০ টাকা দেন এবং বাকী ১,৫০,০০০ টাকার পরিবর্তে ৩৭ শতাংশ জমি জনাব কামরুজ্জামান এর স্ত্রীর নামে রেজিস্ট্রি করে দেন। অভিযোগকারী ১,৫০,০০০ টাকা জমা দিলে তাঁকে ৩৭ শতাংশ জমি ফেরৎ দিবে মর্মে ১৫০ টাকার স্ট্যাম্পে চুক্তিনামা করা হয়। পরবর্তীতে জনাব কামরুজ্জামান আটঘরিয়া উপজেলা হতে অন্যত্র বদলী হওয়ায় অভিযোগকারী নগদ ১,০০,০০০ টাকা দেয় ও ৩৭ শতাংশ জমি ফেরৎ চাইলে জনাব কামরুজ্জামান বিভিন্ন কৌশল অবলম্বন করতে থাকেন মর্মে অভিযোগকারী জানান এবং তাঁর নিকট বর্ণিত ৩৭ শতাংশ জমির জন্য অতিরিক্ত টাকা দাবী করলে তিনি ৩,০০,০০০ টাকা উক্ত কর্মকর্তাকে দেন যার ফলে তাঁর ৪,৫০,০০০ টাকা ক্ষতি হয়েছে বলে তিনি জানান।

২। এমতাবস্থায় বর্ণিত অনিয়মের অভিযোগের বিষয়টি নিরপেক্ষ তদন্তের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি অনুযায়ী জনাব মোঃ কামরুজ্জামান (প্রাক্তন উপজেলা মৎস্য কর্মকর্তা, আটঘরিয়া, পাবনা) বর্তমানে সহকারী পরিচালক জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বরগুনা কে ২১-১-২০১৩ তারিখ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

৩। প্রচলিত নিয়ম মোতাবেক সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে তিনি খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৪। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**উজ্জ্বল বিকাশ দত্ত**
সচিব।

---

**যোগাযোগ মন্ত্রণালয়**

**সড়ক বিভাগ**

**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৭ ফেব্রুয়ারি ২০১৩/২৫ মাঘ ১৪১৯

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১০.১২-৪৫**—বেগম সাজিয়া জামান, সহকারী প্রকৌশলী (সিভিল) (পরিচিতি নম্বর-৬০১৯২৪) নেদারল্যান্ডের ইনস্টিটিউট অফ ইনফ্রাস্ট্রাকচারাল, হাইড্রোলিক এন্ড এনভায়রনমেন্ট (IHE)-তে এমএসসি অধ্যয়নরত অবস্থায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩০-৪-২০০৩ তারিখের সম/ননি/১৬/২০০২-৮২ সংখ্যক প্রজ্ঞাপনমূলে ২১তম বিসিএস এর সড়ক ও জনপথ ক্যাডারে নিয়োগ প্রাপ্ত হন। নিয়োগের শর্ত অনুযায়ী ৩১-৫-২০০৩ তারিখের মধ্যে যোগদানের জন্য বলা হলে উক্ত পদে যোগদানের জন্য সময় প্রার্থনা করলে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ৩১-৫-২০০৩ তারিখের সম/ননি/৭২০০৩-১০৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে যোগদানের সময়সীমা ৩০-৬-২০০৩ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়। পরবর্তীতে উক্ত সময়সীমা বর্ধিত করার জন্য পুনঃ আবেদন করলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩০-৬-২০০৩ তারিখের সম/ননি/১৬/২০০৩-১১৮ সংখ্যক প্রজ্ঞাপনমূলে যোগদানের সময়সীমা ৩০-৯-২০০৩ তারিখ পর্যন্ত পুনঃবর্ধিত করা হয়। বর্ধিত সময়সীমার মধ্যে অর্থাৎ ২৯-৯-২০০৩ তারিখে বেগম সাজিয়া জামান, সহকারী প্রকৌশলী (সিভিল) হিসেবে সড়ক ও জনপথ অধিদপ্তরে যোগদান করেন এবং ১-১০-২০০৩ তারিখে সহকারী প্রকৌশলী হিসেবে সওজ অধিদপ্তরের ইনফরমেশন সার্ভিসেস বিভাগে যোগদান করেন;

যেহেতু, বেগম সাজিয়া জামান, সড়ক ও জনপথ অধিদপ্তরে সহকারী প্রকৌশলী (সিভিল) হিসেবে যোগদান করে তার অসমাপ্ত মাস্টার্স ডিগ্রির পড়াশুনা শেষ করতে ১-১০-২০০৩ তারিখে ৭(সাত) মাস শিক্ষাছুটি বা প্রযোজ্য অন্য কোন ছুটি মঞ্জুরের জন্য আবেদন করেন। তদপ্রেক্ষিতে যোগাযোগ মন্ত্রণালয় হতে ৯-১০-২০০৩ তারিখ আরএইচই/৮পি-২৩/২০০৩-৪৩৯ সংখ্যক প্রজ্ঞাপনমূলে ১০-১০-২০০৩ তারিখ হতে ৩০-৪-২০০৪ তারিখ পর্যন্ত ৭(সাত) মাসের জন্য বিনা বেতনে অসাধারণ ছুটি (বহিঃ বাংলাদেশ ছুটি) শর্ত সাপেক্ষে মঞ্জুর করা হয়;

যেহেতু, উক্ত ছুটির মেয়াদ ৩০-৪-২০০৪ তারিখে শেষ হয়ে যাওয়ার পরেও বর্ণিত কর্মকর্তা কর্মস্থলে যোগদান করেননি বিধায় গত ১-৫-২০০৪ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, বেগম সাজিয়া জামান শিক্ষানবিস হিসেবে কোন চাকুরি করেন নাই এবং তার চাকুরি স্থায়ী হয়নি, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩০-৪-২০০৩ তারিখের সম/ননি/১৬/২০০২-৮২ সংখ্যক নিয়োগ প্রজ্ঞাপনের অনুচ্ছেদ-(গ) এর শর্ত অনুযায়ী সরকারি কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করার জন্য মহামান্য রাষ্ট্রপতির সম্মতি চাওয়া হয়;

যেহেতু, বেগম সাজিয়া জামান কে চাকুরি হতে অপসারণ (removal from service)-এর বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, বেগম সাজিয়া জামান, সহকারী প্রকৌশলী (সিভিল) পরিচিতি নম্বর-৬০১৯২৪), সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১-৫-২০০৪ থেকে চাকুরি হতে অপসারণ (removal from service) করা হল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**

**অধিশাখা-৭ (কলেজ-২)**

**আদেশ**

তারিখ, ৬ ফেব্রুয়ারি ২০১৩

**নং শিম/শাঃ৭/বিভাগীয় মামলা-০৪/২০১২/৫৭**—যেহেতু, জনাব আব্দুল্লাহ খান, প্রভাষক (ইংরেজী), শ্রীনগর সরকারি কলেজ, মুন্সিগঞ্জ এর বিরুদ্ধে দায়েরকৃত নারী ও শিশু নির্যাতন দমন আইন/২০০০ এর মামলায় গত ১১-১২-২০১১ তারিখ থেকে ৭-১-২০১২ তারিখ পর্যন্ত মোট ২৮ দিন গ্রেফতার অবস্থায় জেল হাজতে ছিলেন;

যেহেতু, তৎপরিপ্রেক্ষিতে জনাব আব্দুল্লাহ খানকে বিএসআর (পার্ট-১) এর বিধি ৭৩ এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg.VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা বিধিসম্মত ও জনস্বার্থে প্রয়োজন;

সেহেতু, জনাব আব্দুল্লাহ খানকে বিএসআর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg.VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ মোতাবেক ১১-১২-২০১১ তারিখ থেকে ভূতাপেক্ষভাবে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

২। তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে প্রচলিত নিয়মে খোরপোষ ভাতা পাবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ১ ফাল্গুন ১৪১৯/১৩ ফেব্রুয়ারি ২০১৩

**নং শিম/শাঃ১৮/বাঃইউঃপ্রঃ-১/২০০৮/৬৮**—বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস কর্তৃপক্ষের অনুরোধের প্রেক্ষিতে এ বিশ্ববিদ্যালয়ের কর্মরত প্রবীনতম জ্যেষ্ঠ ডিন পি নং-১৯১ কমডোর এম এম জসীম উদ্দিন ভূঁঞা (এল) এনডিসি, পিএসসি, বিএন-কে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ আইন, ২০০৮ এর

১৩(১) ধারা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর নিম্নোক্ত শর্তে তাঁকে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ এর প্রো-ভাইস চ্যান্সেলর পদে নিয়োগ প্রদান করেছেন :

(ক) নতুন প্রো-ভাইস চ্যান্সেলর নিয়োগ না হওয়া পর্যন্ত তাঁকে সাময়িকভাবে প্রো-ভাইস চ্যান্সেলরের দায়িত্ব প্রদান করা যেতে পারে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে নির্ধারিত সময়কাল শেষ হওয়ার পূর্বেই এ নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন।

(খ) প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে তিনি বর্তমান পদের বেতন ভাতাদি পাবেন।

(গ) তিনি প্রো-ভাইস চ্যান্সেলর পদসংশ্লিষ্ট অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করবেন।

(ঘ) এই নিয়োগ আদেশ তাঁর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

**লায়লা আরজুমান্দ বানু**
উপ-সচিব (বিশ্ববিদ্যালয়-২)।

---

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ, ১৭ ফেব্রুয়ারি ২০১৩

**নং সবিম/শাঃ৪/বাএ-৭/৮২(অংশ)/৬৮**—বাংলা একাডেমি অধ্যাদেশ ১৯৭৮ (১৯৭৮ সনের ১৯নং অধ্যাদেশ) এর ১০(২) ধারার বি এবং সি উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নলিখিত সুধীবৃন্দকে বাংলা একাডেমির কার্যনির্বাহী পরিষদের সদস্য হিসেবে ৩(তিন) বছরের জন্য মনোনয়ন প্রদান করলেন।

(১) জনাব জামিল চৌধুরী, ঈষিকা, বাড়ি ১০/এ, রোড-৪৮, গুলশান-২, ঢাকা-১২১২।

(২) জনাব দ্বিজেন শর্মা, ৪২ সিদ্ধেশ্বরী রোড, ক্রিস্টাল গার্ডেন, ঢাকা।

(৩) জনাব সুব্রত বড়ুয়া, এপার্টমেন্ট-৩/ডি, দারুল আফিয়া আর্কেডিয়া, ২০ সেন্ট্রাল রোড, ঢাকা।

(৪) বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(৫) বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।

২। এ আদেশ ১০ ফেব্রুয়ারি ২০১৩ তারিখ থেকে কার্যকর হবে।

**সরদার মতিয়ার রহমান**
সিনিয়র সহকারী সচিব।

## শিল্প মন্ত্রণালয়

### স্বশাসিত সংস্থা-বিসিক শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ৬ ফাল্গুন ১৪১৯/১৮ ফেব্রুয়ারি ২০১৩

**নং ৩৬.০৬৫.০০৪.০০.০১.০৫৭.২০০২-২৮**—বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) এ্যাক্ট, ১৯৫৭ এর ৩৩ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে ঋণের অর্থ আদায়ের জন্য বিসিক কর্তৃক জারিকৃত সার্টিফিকেট কেইস এর আপীল শুনানী ও নিষ্পত্তির জন্য সরকারি সিদ্ধান্তক্রমে নিম্নরূপ কমিটি গঠন করা হলো ঃ

**আহ্বায়ক**

(১) অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয়

**সদস্য**

(২) অতিরিক্ত সচিব (স্বস), শিল্প মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(৩) উপ-সচিব (স্বস-বিসিক), শিল্প মন্ত্রণালয়

**কমিটির কার্যপরিচালনার শর্তাবলী** ঃ

(ক) কমিটি আপীলসমূহের গ্রহণযোগ্যতা পরীক্ষা করে আপীল গ্রহণ অথবা বাতিল করবে;

(খ) পরীক্ষান্তে উপযুক্ত বিবেচিত হলে কমিটি বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) এ্যাক্ট, ১৯৫৭ তে প্রদত্ত ক্ষমতা অনুযায়ী সার্টিফিকেট পরিবর্তন অথবা বাতিল করতে পারবে;

(গ) কমিটি আবেদনকারী ও বিসিক এর নিকট হতে লিখিত বক্তব্য সংগ্রহ করতে পারবে;

(ঘ) কমিটির চাহিদা মোতাবেক নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদনকারী ও বিসিক এর নিকট হতে উক্ত লিখিত বক্তব্য না পাওয়া গেলে আপীলেট কমিটি একতরফা (ex-parte) সিদ্ধান্ত প্রদান করতে পারবে।

**মোঃ হেদায়েত হোসেন আখন**
সহকারী সচিব।

---

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়

### পুলিশ-১ অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ৩১ জানুয়ারি ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৭.১২-১০৮**—যেহেতু, জনাব মোহাম্মদ আবুল কালাম আজাদ, সিনিয়র সহকারী পুলিশ সুপার, স্টাফ অফিসার-টু-ডিআইজি, বরিশাল (বর্তমান সাময়িকভাবে বরখাস্ত এবং সিলেট রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত) এর বিরুদ্ধে (১), বেগম আনোয়ারা-ই-তাসলিমা, কাফরুল, ঢাকা এর সাথে অনৈতিক সম্পর্ক স্থাপনসহ প্রথম বিয়ের কথা গোপন রেখে উক্ত মহিলাকে বিয়ে করে পরবর্তীতে তালাক প্রদান করা এবং দ্বিতীয়

বিয়ের পর তাঁর গর্ভবতী প্রথম স্ত্রী সুর্বনা খানমকে কোন কারণ ছাড়াই তালাক প্রদান করা ও (২) তাঁর এহেন অকর্মকর্তাসুলভ কর্মকান্ডের ফলে পুলিশ বিভাগের ভাবমূর্তি দারুণভাবে ক্ষুণ্ন হওয়ার কারণে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, **১৯৮৫** এর ৩(বি) বিধির আওতায় অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ৯-১০-২০১২ তারিখের ৪৪.০০. ০০০০.০৯৪.০২.০০৭.১২-৮০১ নম্বর স্মারকে কৈফিয়ত তলব করা হয়; এবং

২। যেহেতু, গত ১৭-১-২০১৩ তারিখে জনাব মোহাম্মদ আবুল কালাম আজাদ, সিনিয়র সহকারী পুলিশ সুপার, এর ব্যক্তিগত শুনানি গ্রহণপূর্বক অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, প্রাথমিক তদন্ত রিপোর্ট, তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, উপস্থাপিত কাগজপত্র ও অন্যান্য তথ্যাদি, সরকার পক্ষের বক্তব্য, অন্যান্য সংশ্লিষ্ট প্রাসঙ্গিক বিষয়াদি, অভিযোগের গুরুত্ব, গভীরতা, ধরন, রকম ও সার্বিক পারিপার্শ্বিক অবস্থা পর্যালোচনা, পরীক্ষা ও বিবেচনা করে দেখা যায় যে, তিনি কাবিননামামূলে বেগম আনোয়ারা-ই-তসলিমাকে বিয়ে করতঃ পরবর্তীতে তালাক প্রদান করেন বিধায় তাঁর বিরুদ্ধে এ বিষয়ে আদালতে বিচারাধীন দুটি মামলায় বিচার নিষ্পত্তি হবে। তাঁর বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এ অপরাধের দায়ে তাঁকে লঘুদন্ড প্রদান করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়।

৩। সেহেতু, জনাব মোহাম্মদ আবুল কালাম আজাদ, সিনিয়র সহকারী পুলিশ সুপার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, **১৯৮৫** এর ৩(বি) বিধির আওতায় অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে উক্ত অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৭(২)(বি) বিধিমতে ৪(২)(এ) বিধিতে বর্ণিত 'তিরস্কার' দণ্ড প্রদান করা হলো।

৪। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১৯-৭-২০১২ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০০৭.১২-৫৬৯ নম্বর প্রজ্ঞাপনমূলে তাঁকে সাময়িকভাবে বরখাস্তকরণ সম্পর্কিত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো। তাঁর সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১২ ফেব্রুয়ারি ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০০২.০০৩.১২-১৩৫**—জনাব নুতান চাকমা, সহকারী পরিচালক (এএসপি), শিল্পাঞ্চল পুলিশ-৩, চট্টগ্রাম কে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২২-১০-২০১২ তারিখের ৪৪.০০.০০০০. ০৯৪.০০২.০০৩.১২-৮৪২ নং প্রজ্ঞাপনমূলে চাকুরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করার আদেশটি বাংলাদেশ সার্ভিস রুল (বি,এস,আর) পার্ট-১, বিধি-৭৩ মোতাবেক এতদ্বারা প্রত্যাহার করা হল।

২। তাঁর সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সি কিউ কে মুসতাক আহমদ**
সিনিয়র সচিব।

**আইন শাখা-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৬ ফাল্গুন ১৪১৯/১৮ ফেব্রুয়ারি ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০৩.১১-২১২**—ফেনী জেলাধীন দাগনভূঁঞা থানার মামলা নং-০৬, তারিখ ৮-৭-২০১০ খ্রিঃ; ২০০৯ সালের সন্ত্রাস বিরোধী আইনের ৬(১)(খ)/১০ ধারায়, জি.আর. নং ৯১/১০ মামলাটি বিচারার্থে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৪০(২) ধারার অধীন অপরাধ আমলে গ্রহণের জন্য সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্দ্বারা প্রদান করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০৪.১১-২১৮**—গত ২-৯-২০১২ খ্রিঃ তারিখে বিকাল অনুমান ১৮.৩০ ঘটিকায় রাঙ্গামাটি পার্বত্য জেলার বাঘাইছড়ি থানার আমতলী বাজারস্থ ইউনিয়ন আওয়ামী লীগ কার্যালয়ে দুস্কৃতিকারীরা দলবদ্ধ হয়ে কিছু সংখ্যক লোককে মারপিট করে অফিস কক্ষে টাঙ্গানো জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মহোদ্বয়গণের ছবি ভাংচুর করে। ঐ দিন রাত অনুমান ২২.০৫ ঘটিকার সময় উক্ত আসামীরা পাবলাখালী (আমতলী) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অফিস কক্ষে টাঙ্গানো জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মহোদ্বয়গণের ছবিও ভাংচুর করে। তাদের এহেন কার্যকলাপ রাষ্ট্রদ্রোহীতার সামিল যা দন্ডবিধি আইনের **১২৪**-ক ধারার অপরাধ। বর্ণিতাবস্থায়, উল্লিখিত আসামীগণের বিরুদ্ধে দণ্ডবিধি **১২৪**-ক ধারায় রাষ্ট্রদ্রোহীতার অভিযোগে মামলা রুজুর লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাঘাইছড়ি থানা, রাঙ্গামাটি-কে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারী কার্যবিধির **১৮৯৮** এর **১৯৬** অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্দ্বারা প্রদান করা হলো।

রাষ্ট্রতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
উপ-সচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৩১ জানুয়ারি ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০৪.২০১১-১৩৪**—খুলনা জেলার দাকোপ থানার জিডি নং-২৫৫, তারিখ ৭-১০-২০১২ খ্রিঃ মূলে আসামী মোঃ মিজানুর রহমান, পিতা মোক্তার হোসেন সানা, সাং মসজিদ কুড়, থানা কয়রা, জেলা খুলনা বর্তমানে সাং গুনারী দাখিল মাদ্রাসা, থানা দাকোপ, জেলা খুলনা-কে ফৌঃ কাঃ বিঃ **১৫১** ধারা মোতাবেক গ্রেফতারপূর্বক গত ৮-১০-২০১২ খ্রিঃ তারিখে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়। পরবর্তীতে বিষয়টি অনুসন্ধানকালে স্বাক্ষীদের সাক্ষ্য প্রমাণে আসামীর বিরুদ্ধে আনীত অভিযোগটি পেনাল কোড ৫০৫ ধারায় প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় নিয়মিত মামলা রুজুর লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তা, দাকোপ থানা, খুলনা-কে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারী কার্যবিধির **১৮৯৮** এর **১৯৬** ধারার অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্দ্বারা প্রদান করা হলো।

তারিখ, ৩ ফেব্রুয়ারি ২০১৩

**নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০৩.২০১১-১৩৭**—শেরপুর জেলার (১) শেরপুর থানার মামলা নং-৩৩, তারিখ ১৭-৫-২০১২, জি.আর. নং-২২৬/২০১২, ধারা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১০ [দায়রা জজ আদালত, শেরপুর, সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল মামলা নং-০১/২০১৩] এবং (২) শেরপুর থানার মামলা নং-৪৫, তারিখ ২৫-৭-২০১২, জি.আর নং-৩৫৩/২০১২, ধারা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১০/১৩ [দায়রা জজ আদালত, শেরপুর, সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইবুন্যাল মামলা নং-০৩/২০১২] মামলা ২টির অপরাধ বিচারার্থে আমলে গ্রহণের জন্য আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০০৯ সনের ১৬ নং আইন) এর ধারা ৪০(২) এর অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদ্‌দ্বারা প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**শৃংখলা-১ শাখা**

**আদেশাবলী**

তারিখ, ৬ পৌষ ১৪১৯/২০ ডিসেম্বর ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫০.২০১২-১১৪৮**—যেহেতু ডাঃ রোজিনা বেগম (১১২৯২৫), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নবীগঞ্জ, হবিগঞ্জ গত ২-৭-২০০৫ তারিখে সরকারি চাকুরিতে যোগদান করে ৩-৭-২০০৫ তারিখ হতে ৭(সাত) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করে পরবর্তীতে কর্মস্থলে যোগদান না করে গত ১০-৭-২০০৫ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, তাঁর সরকারি চাকুরিতে অনুপস্থিতকাল ৫(পাঁচ) বছরের অধিক হওয়ায় বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি আপনা-আপনি অবসান ঘটেছে;

যেহেতু, বিএসআর (পাট-১)-এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ জারির প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর বিধি-৩৪ মোতাবেক ডাঃ রোজিনা বেগম (১১২৯২৫), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নবীগঞ্জ, হবিগঞ্জ এর চাকুরি অবসান (Ceased) করা হলো।

ডাঃ রোজিনা বেগম (১১২৯২৫), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নবীগঞ্জ, হবিগঞ্জ এর কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ১০-৭-২০০৫ হতে এ আদেশ কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

**নং স্বাপকম/শৃংখলা-১/১-৭৯/২০০৫/১১৪৯**—যেহেতু ডাঃ মোঃ আব্দুস সাত্তার (কোড-৩৪২০৮), প্রাক্তন আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সখিপুর, টাংগাইলকে মৌলভীবাজার জেলার কুলাউড়া স্বাস্থ্য কমপ্লেক্সে বদলী করা হলে তিনি বদলীকৃত কর্মস্থলে যোগদান না করে সখিপুর, টাংগাইলে অবস্থান করে প্রাইভেট প্র্যাকটিস করার অভিযোগে গত ১১-১১-২০০৫ তারিখে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন অপসারণ করা হবে না মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে অপসারণ করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩) (সি) বিধি মোতাবেক ডাঃ মোঃ আব্দুস সাত্তার (কোড-৩৪২০৮), প্রাক্তন আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সখিপুর, টাংগাইল-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১১-১১-২০০৫ থেকে সরকারি চাকুরি হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

**নং স্বাপকম/শৃংখলা-১/১-৯৩/২০০৬/১১৫০**—যেহেতু ডাঃ জিয়াউল ইসলাম (কোড-৩৫৮২৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ০১-০১-২০০৪ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারায় অভিযুক্ত করতঃ বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারা মোতাবেক ১ম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে উক্ত অধ্যাদেশের ৫(১) ধারা মোতাবেক ২য় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক ডাঃ জিয়াউল ইসলাম (কোড-৩৫৮২৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০১-০১-২০০৪ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ হুমায়ুন কবির**
সিনিয়র সচিব।

---

**আদেশাবলী**

তারিখ, ২৩ ডিসেম্বর ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৯.২০১২-১১৫৭**—যেহেতু, ডাঃ মোঃ শফিকুল ইসলাম (১১৩০৪৫), মেডিকেল অফিসার, শিলবাড়ি ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, ভুরুঙ্গামারি, কুড়িগ্রাম-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ৬-১২-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান তিনি ২৪তম বিসিএস এর মাধ্যমে ২-৭-২০০৫ তারিখে সরকারি চাকুরিতে যোগদান করেন। উচ্চ শিক্ষা গ্রহণের জন্য ১-৭-২০০৯ হতে ৩১-১২-২০১১ তারিখ পর্যন্ত বিএসএমএমইউতে প্রেষণে অধ্যয়নরত থেকে প্রেষণ শেষে পরবর্তী পদায়নের জন্য স্বাস্থ্য অধিদপ্তরে অপেক্ষাধীন থাকেন এবং স্বাস্থ্য অধিদপ্তর হতে তাঁকে ৩০-৫-২০১২ তারিখে মেডিকেল অফিসার, শিলবাড়ি ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, ভুরুঙ্গামারি, কুড়িগ্রামে পদায়ন করা হলে তিনি ৫-৬-২০১২ তারিখে কর্মস্থলে যোগদান করেন। তিনি তাঁর অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ শফিকুল ইসলাম (১১৩০৪৫), মেডিকেল অফিসার, শিলবাড়ি ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, ভুরুঙ্গামারি, কুড়িগ্রাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হলো।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৪.২০১২-১১৬১**—যেহেতু ডাঃ মোঃ ফারুক হোসেন (কোড নং ১১১২৪৬), মেডিকেল অফিসার (মেডিসিন আউটডোর), ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, নোয়াখালী (প্রাক্তন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৯-১২-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীতে জানান যে, তিনি শিক্ষাছুটি ভোগশেষে ০১-০১-২০১২ তারিখে স্বাস্থ্য অধিদপ্তরে যোগদানের জন্য গমন করলে উক্ত সময়ে শিক্ষাছুটি মঞ্জুরির আদেশ জারি না হওয়ায় স্বাস্থ্য অধিদপ্তর তার যোগদানপত্র গ্রহণ করেনি। পরবর্তীতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ৭-২-২০১২ তারিখের স্বাপকম/চিশি-১/শিক্ষাছুটি-০১/২০১২-২৪ নং স্মারকে তার শিক্ষাছুটি মঞ্জুরি আদেশ জারি করা হলে তিনি গত ৯-২-২০১২ তারিখে স্বাস্থ্য অধিদপ্তরে যোগদান করেন এবং এজন্য তিনি দায়ী নন বলে দাবী করেন।

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ ফারুক হোসেন (কোড নং ১১১২৪৬), মেডিকেল অফিসার (মেডিসিন আউটডোর), ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, নোয়াখালী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সাময়িক বিষয়াদি পর্যালোচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

**শৃংখলা-২ শাখা**

**আদেশ**

তারিখ, ৬ পৌষ ১৪১৯/২০ ডিসেম্বর ২০১২

**নং স্বাপকম/শৃংখলা-২/অভি-২/২০০৫/১০৭**—যেহেতু, মরহুম জনাব জিল্লুর রশিদ খাঁন, প্রাক্তন সহকারী পরিচালক ও উপ-পরিচালক (ভারপ্রাপ্ত), পরিবার পরিকল্পনা কার্যালয়, নরসিংদী-এর বিরুদ্ধে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ৩(বি) ও (ডি) বিধির অধীন 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

২। যেহেতু, বিভাগীয় মামলা রুজু করার পূর্বেই জনাব জিল্লুর রশিদ খাঁন ১২-১-২০০৫ তারিখে এলপিআর এ গমন করেছিলেন বিধায় ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও (ডি) বিধি মতে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়ে বিএসআর পার্ট-১ এর ২৪৭ বিধি মতে মহামান্য রাষ্ট্রপতির ভূতাপেক্ষ অনুমোদন গ্রহণ করতঃ বিভাগীয় মামলায় আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করায় তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ৭১৪/০৯ দায়ের করেন। উক্ত রীট পিটিশনটি মহামান্য হাইকোর্টে বিচারাধীন থাকা অবস্থায় জনাব জিল্লুর রশিদ খাঁন ১১-৩-২০১১ ইং তারিখে মৃত্যুবরণ করেন।

৩। যেহেতু, তাঁর স্ত্রী মিসেস আফিয়া খাতুন জনাব জিল্লুর রশিদ খাঁন কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন মামলাটি না চালানোর আবেদন করলে মহামান্য হাইকোর্ট মামলাটি নিষ্পত্তি করেন।

৪। যেহেতু, মরহুম জনাব জিল্লুর রশিদ খাঁন, প্রাক্তন সহকারী পরিচালক ও উপ-পরিচালক (ভারপ্রাপ্ত), পরিবার পরিকল্পনা কার্যালয়, নরসিংদী মৃত্যুবরণ করায় বিএসআর পার্ট-১ বিধি

২৪৭ অনুযায়ী অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক সরকারের আর্থিক ক্ষতিকৃত টাকা ৩০,০১৫ আদায়পূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক অনুমোদিত হয়েছে।

৫। এক্ষণে সেহেতু, টাকা ৩০,০১৫ আদায় সাপেক্ষে মামলাটি নিষ্পত্তি করা হলো।

৬। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৪ ফেব্রুয়ারি ২০১৩

**নং ৪৬.০৬৪.০২৮.১৩.১১.২৯২.২০১১-১৭৫**—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৪৩ ও ৪২ (২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার চট্টগ্রাম জেলার নবগঠিত বোয়ালখালী পৌরসভার কার্যসম্পাদনে নিযুক্ত প্রশাসককে সহায়তা দানের জন্য নিম্নোক্ত ৩৫ (পয়ত্রিশ) সদস্য বিশিষ্ট পৌর কমিটি গঠন করল :

**সদস্যবৃন্দ**

(১) জনাব সুনীল চন্দ্র ঘোষ, সাবেক পূর্ব গোমদন্ডী ইউপি ভারপ্রাপ্ত চেয়ারম্যান।

(২) জনাব হারুনুর রশীদ, সাবেক পূর্ব গোমদন্ডী ইউপি সদস্য, ১নং ওয়ার্ড।

(৩) জনাব মাহমুদুল হক, সাবেক পূর্ব গোমদন্ডী ইউপি সদস্য, ৪নং ওয়ার্ড।

(৪) জনাব আবুল কাশেম মতি, সাবেক পূর্ব গোমদন্ডী ইউপি সদস্য, ৫নং ওয়ার্ড।

(৫) জনাব নূরুল ইসলাম, সাবেক পূর্ব গোমদন্ডী ইউপি সদস্য, ৬নং ওয়ার্ড।

(৬) জনাব ফজল কাদের, সাবেক পূর্ব গোমদন্ডী ইউপি সদস্য, ৮নং ওয়ার্ড।

(৭) সৈয়দ মোজাহারুল হক, সাবেক পূর্ব গোমদন্ডী ইউপি সদস্য, ৯নং ওয়ার্ড।

(৮) বেগম সাহারু আকতার, সাবেক পূর্ব গোমদন্ডী ইউপি সদস্য, ১, ২, ৩নং ওয়ার্ড।

(৯) বেগম চেমন আরা বেগম, সাবেক পূর্ব গোমদন্ডী ইউপি সদস্য, ৭, ৮, ৯নং ওয়ার্ড।

(১০) বেগম শামসেদ বেগম, সাবেক কধুরখীল ইউপি সদস্য, ১, ২, ৩নং ওয়ার্ড।

(১১) জনাব মোঃ সিরাজুল হক, সাবেক কধুরখীল ইউপি সদস্য, ১নং ওয়ার্ড।

(১২) জনাব কাজী মোঃ এনামুল হক, সাবেক কধুরখীল ইউপি সদস্য, ২নং ওয়ার্ড।

(১৩) জনাব মোঃ দিদারুল আলম, সাবেক কধুরখীল ইউপি সদস্য, ৩নং ওয়ার্ড।

(১৪) জনাব আহমদ ছৈয়দ, সাবেক পশ্চিম গোমদন্ডী ইউপি সদস্য, ১নং ওয়ার্ড।

(১৫) জনাব নজরুল ইসলাম, সাবেক পশ্চিম গোমদন্ডী ইউপি সদস্য, ২নং ওয়ার্ড।

(১৬) জনাব মোঃ আইয়ুব আলী, সাবেক পশ্চিম গোমদন্ডী ইউপি সদস্য, ৩নং ওয়ার্ড।

(১৭) জনাব আবুল মনসুর, সাবেক পশ্চিম গোমদন্ডী ইউপি সদস্য, ৪নং ওয়ার্ড।

(১৮) জনাব আব্দুল আজিম, সাবেক পশ্চিম গোমদন্ডী ইউপি সদস্য, ৫নং ওয়ার্ড।

(১৯) জনাব মোহম্মদ আলম, সাবেক পশ্চিম গোমদন্ডী ইউপি সদস্য, ৬নং ওয়ার্ড।

(২০) বেগম লায়লা বেগম, সাবেক পশ্চিম গোমদন্ডী ইউপি সদস্য, ১, ২, ৩নং ওয়ার্ড।

(২১) বেগম হাসিনা বেগম, সাবেক পশ্চিম গোমদন্ডী ইউপি সদস্য, ৪, ৫, ৬নং ওয়ার্ড।

(২২) জনাব আবুল বশর, কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, পিতা মৃত মকবুল আহমেদ, কধুরখীল, ৩নং ওয়ার্ড।

(২৩) জনাব রফিক তালুকদার, পিতা ফজলুল হক সওদাগর, সমাজ সেবক, পশ্চিম কধুরখীল ২নং ওয়ার্ড।

(২৪) জনাব শফিকুল আলম, পিতা মৃত আবদুস সত্তার, সমাজ সেবক, কধুরখীল।

(২৫) জনাব শওকত উল ইসলাম, পিতা মৃত নজরুল ইসলাম, শিক্ষানুরাগী, পূর্ব গোমদন্ডী।

(২৬) জনাব আনোয়ারুল আজিম চৌধুরী, পিতা মৃত আব্দুস সবুর চৌধুরী, সমাজ সেবক, পূর্ব গোমদন্ডী

(২৭) জনাব রেদুয়ানুল হক টিপু, পিতা আবু তাহের, সমাজ সেবক পশ্চিম গোমদন্ডী।

(২৮) জনাব মোঃ জাকারিয়া, পিতা আহমদ হোসেন মিয়াজী, সমাজ সেবক, পূর্ব গোমদন্ডী।

(২৯) জনাব নুরুল ইসলাম, পিতা মৃত কবির আহমদ, সমাজ সেবক, পূর্ব গোমদন্ডী।

(৩০) জনাব ওবায়দুল হক, পিতা হাজী আবদুল কাদের, সমাজ সেবক, পশ্চিম গোমদন্ডী।

(৩১) জনাব শাহাদাত হোসেন, পিতা মৃত ডাঃ সিরাজুল হক, শিক্ষানুরাগী, কধুরখীল।

(৩২) জনাব রনজিত সেন, পিতা হরি মোহন সেন, সমাজ সেবক, পূর্ব গোমদন্ডী।

(৩৩) জনাব জাহাঙ্গীর হোসেন, পিতা শফিউল আলম, শিক্ষানুরাগী, পূর্ব গোমদন্ডী।

(৩৪) জনাব মোঃ সেলিম চৌধুরী, পিতা মোঃ ইউছুপ চৌধুরী, শিক্ষানুরাগী, পূর্ব গোমদন্ডী।

(৩৫) বেগম রেবেকা সুলতানা মনি, পিতা মোজাহেরুল হক ইঞ্জিনিয়ার, সমাজসেবী, পশ্চিম কধুরখীল।

২। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ ও সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী গঠিত কমিটির সদস্যগণ বোয়ালখালী পৌরসভার সার্বিক কর্মকাণ্ড পরিচালনায় নিযুক্ত প্রশাসককে সহায়তা করবেন। উল্লেখ্য যে, এ বিভাগের ৪-২-২০০২ খ্রিঃ তারিখের পৌর-৩/সম্মানী ভাতা ২/৯৭/১৩৮ নং পরিপত্র অনুযায়ী ক্রমিক নং **১** হতে **১২** পর্যন্ত সম্মানী ভাতা প্রাপ্য হবেন এবং ক্রমিক **১** হতে **২১** পর্যন্ত অবলুপ্ত ইউনিয়ন পরিষদের ইউ.পি সদস্য হওয়ায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৪৩ ধারা বলে তারা কাউন্সিলর হিসেবে বিবেচিত হবেন।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রেহানা ইয়াছমিন**
সিনিয়র সহকারী সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২ (অপারেশন)**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২৮ জ্যৈষ্ঠ ১৪২০/১১ জুন ২০১৩

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.২২১.২০১০-১৮৩**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা হচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

**তফসিল**

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল নং | থানার নাম | জেলার নাম | খতিয়ান নং |
|---|---|---|---|---|---|
| (১) | রাজারবাজার | ০৩ | তেজগাঁও | ঢাকা | ১৯৪, ১৯৫, ২৬০, ৬৮৫, ৯৪৭ ও ১১০১ |

**মুর্শিদা শারমিন**
সিনিয়র সহকারী সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**কল্যাণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৮ জ্যৈষ্ঠ ১৪২০/২২ মে ২০১৩

**নং ০৫.১২৩.০৩৫.০০.০০.০০৫.২০০৮(অংশ-১)-১১০**—সরকার বাংলাদেশ সচিবালয়ের হিসাব রক্ষক, কোষাধ্যক্ষ এবং সহকারী হিসাব রক্ষকের পদনাম, পদ মর্যাদা ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী) শর্ত সাপেক্ষে নিম্নোক্তভাবে পরিবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ

| বর্তমান পদনাম | পরিবর্তিত পদনাম | বর্তমান বেতনস্কেল | পরিবর্তিত বেতনস্কেল | পরিবর্তিত পদমর্যাদা |
|---|---|---|---|---|
| হিসাব রক্ষক | সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা | ৬৪০০—১৪২৫৫ | ৮০০০—১৬৫৪০ | দ্বিতীয় শ্রেণী |
| কোষাধ্যক্ষ | কোষাধ্যক্ষ | ৫৯০০—১৩১২৫ | ৬৪০০—১৪২৫৫ | অপরিবর্তিত (তৃতীয় শ্রেণী) |
| সহকারী হিসাব রক্ষক | হিসাব রক্ষক | ৫৫০০—১২০৯৫ | ৫৯০০—১৩১২৫ | অপরিবর্তিত (তৃতীয় শ্রেণী) |

**শর্তাবলী ঃ**

(ক) বেতনক্রম ও পদমর্যাদা উন্নীতকরণের পর পদসমূহের দায়িত্ব ও কার্যপরিধি পূর্বের ন্যায় বলবৎ থাকবে;

(খ) পদগুলোর পরিবর্তনে প্রচলিত বিধি অনুসরণ ও অন্যান্য আনুষ্ঠানিকতা পালন করতে হবে;

(গ) পরিবর্তিত পদনামের পরিবর্তিত বেতনস্কেল অর্থ বিভাগ কর্তৃক ভেটিং/যাচাই করতে হবে;

(ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয় উন্নীত পদসমূহের নিয়োগ বিধি প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করবে।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মশিউর রহমান তালুকদার**
সিনিয়র সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ ফেব্রুয়ারি ২০১৩

**নং বিচার-৭/২এন-৮২/৮৫-৯৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ আব্দুস সবুর লস্কর, পিতা মোঃ মকবুল আলী লস্কর,

গ্রাম শালিনা বকস্া, ইউনিয়ন গোবিন্দপুর, ডাকঘর শালিনা বকস্া, উপজেলা মুকসুদপুর, জেলা গোপালগঞ্জ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গোপালগঞ্জ জেলার মুকসুদপুর উপজেলার ৩নং গোবিন্দপুর ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ মাহমুদুল করিম**
সিনিয়র সহকারী সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৬ জ্যৈষ্ঠ ১৪২০/২০ মে ২০১৩

**নং ০৫.১৮০.০২৭.০২.০০.০০২.২০১২-১৯২**—যেহেতু, জনাব মেজবাহ উদ্দীন (১৪৩৬), প্রাক্তন প্রকল্প পরিচালক, আবাসন প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয় বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (যুগ্ম-সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় গত ২৭-০১-২০০৬ তারিখ থেকে ১৪-১১-২০০৭ তারিখ পর্যন্ত প্রধানমন্ত্রীর কার্যালয়ে আবাসন প্রকল্পে প্রকল্প পরিচালক পদে কর্মরত ছিলেন। উক্ত কর্মকালীন সময়ে তিনি বরগুনা জেলার আমতলী উপজেলার ১৩টি আবাসন প্রকল্পের মাটির কাজ, খাদ্যশস্য ছাড়করণ এবং কর্মোত্তর জরীপ যাচাইকারী কর্মকর্তার প্রতিবেদনে বর্ণিত মাটির ঘনমান ও ক্ষয়-ক্ষতির প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সরকারি স্বার্থ সংরক্ষণ করে যথাযথভাবে অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন না করে বরগুনা জেলার আমতলী উপজেলার উক্ত ১৩টি আবাসন প্রকল্পের মধ্যে ০৯টি প্রকল্পে সরকারের ২৫০.২৩ মেট্রিক টন চাল অতিরিক্ত ছাড় করেন এবং ফলশ্রুতিতে সরকারের ৩৯,৩০,৬১২/৮৪ টাকা ক্ষতি হয়েছে;

যেহেতু, প্রাথমিক তদন্ত প্রতিবেদনে উক্ত অপরাধের জন্য আবাসন প্রকল্পের অন্যান্য কর্মকর্তার সাথে তাঁকে ব্যক্তিগত ও যৌথভাবে দায়ী করায় মহামান্য রাষ্ট্রপতির অনুমতিক্রমে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে এ বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো হয়;

যেহেতু, জনাব মেজবাহ উদ্দীন (১৪৩৬) গত ৭-১০-২০১২ তারিখে কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানী না চেয়ে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানের অনুরোধ করায় ন্যায় বিচারের স্বার্থে ঘটনার সত্যতা নিরূপনের জন্য অভিযোগ তদন্তের জন্য জনাব মোস্তফা কামাল হায়দার, চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), বাংলাদেশ তাঁত বোর্ডকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা জনাব মোস্তফা কামাল হায়দার গত ১২-০৩-২০১৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত অভিযোগনামা, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত লিখিত জবাব, তদন্তকালে প্রদত্ত মৌখিক বক্তব্য, সরকার পক্ষে মনোনীত বিভাগীয় মামলার নথি উপস্থাপনকারীর বক্তব্য ও প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা ও পর্যালোচনান্তে আবাসন প্রকল্পের প্রাক্তন প্রকল্প পরিচালক জনাব মেজবাহ উদ্দীন (১৪৩৬) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী আনীত "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন;

যেহেতু, অভিযোগনামা, কারণ দর্শানো নোটিশের জবাব এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী আনীত "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমতিক্রমে এ বিভাগীয় মামলার দায় হতে তাঁকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব মেজবাহ উদ্দীন (১৪৩৬), প্রাক্তন প্রকল্প পরিচালক, আবাসন প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয় বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (যুগ্ম-সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী আনীত "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগের দায় হতে একই বিধিমালার ৭(৫) বিধি অনুযায়ী অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুস সোবহান সিকদার**
সিনিয়র সচিব।

---

**পরিবহন অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৯ বৈশাখ ১৪২০/১২ মে ২০১৩

**নং ০৫.০০.০০০০.১২১.০২৬.০৪.১৩-৩৪৮**—প্রাধিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০১১ (সংশোধিত) পরীক্ষান্তে যথাযথ সুপারিশ প্রণয়নের জন্য কমিটি নিম্নবর্ণিতভাবে পুর্নঃগঠন করা হলো ঃ

**সভাপতি**

(ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়;

**সদস্য**

(খ) মন্ত্রিপরিষদ বিভাগের কমিটি ও অর্থনৈতিক অনুবিভাগের যুগ্ম-সচিব পদমর্যাদার একজন প্রতিনিধি;

(গ) অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের যুগ্ম-সচিব পদমর্যাদার একজন প্রতিনিধি;

(ঘ) সরকারি যানবাহন অধিদপ্তরের পরিচালক (সড়ক); এবং

**সদস্য- সচিব**

(ঙ) উপ-সচিব (পরিবহন), জনপ্রশাসন মন্ত্রণালয়।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহমুদা খাতুন**
উপ-সচিব।

**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ মে ২০১৩

**নং ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৩.০৫.২৬২**—অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে যথাযথ মনিটরিং-এর লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে নির্বাচন কমিশন সচিবালয়ের জন্য একটি অডিট কমিটি গঠন করা হল ঃ

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;

**সদস্য**

(২) উপ-সচিব (নির্বাচন পরিচালনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;

(৩) উপ-সচিব (সংস্থাপন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;

(৪) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ও সমপর্যায়ের কর্মকর্তা (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;

(৫) বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের একজন প্রতিনিধি

**সদস্য-সচিব**

(৬) উর্ধ্বতন হিসাব রক্ষণ কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

**কার্যপরিধি ঃ**

(ক) অডিট চলাকালীন সময়ে Queries-এর জবাব যথাযথভাবে এবং যথাসময়ে দেয়ার বিষয়ে ব্যবস্থা গ্রহণ;

(খ) অডিট প্রতিবেদন প্রাপ্তির পর যথাসময়ে জবাব প্রদান নিশ্চিত করা এবং অডিট আপত্তি সম্পর্কে মতানৈক্য না থাকলে অডিটের সুপারিশ সত্ত্বর বাস্তবায়ন করার ব্যবস্থা গ্রহণ;

(গ) নিয়মিত অডিটের সঙ্গে প্রথা অনুযায়ী দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় সভা আয়োজন করে অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;

(ঘ) পুঞ্জীভূত অডিট আপত্তি (যদি থাকে) নিষ্পত্তিকল্পে একটি সুনির্দিষ্ট কর্ম পরিকল্পনা প্রণয়ন করা;

(ঙ) যেসব অডিট আপত্তি সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি সমীপে উপস্থাপিত হয়েছে সেসব আপত্তি সম্পর্কে প্রাপ্ত সুপারিশ ত্বরিত বাস্তবায়ন করা;

(চ) অডিট কমিটি প্রতি ২/৩ মাস অন্তর সভা করে সভার কার্যবিবরণী কর্তৃপক্ষের নিকট দাখিল করা;

(ছ) অডিট কমিটি প্রয়োজন মনে করলে মাঠ পর্যায়ের অফিসসমূহের অডিট আপত্তি নিষ্পত্তিকল্পে এক বা একাধিক সদস্য কর্তৃক সরেজমিনে পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করা।

প্রধান নির্বাচন কমিশনারের আদেশক্রমে

**মোঃ শাহেদুন্নবী চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব (সংস্থাপন-১)।